## নভেম্বর ২০২৫ মাসে অনুষ্ঠিত ঠাকুরগাঁও জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ইশরাত ফারজানা
জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
তারিখ : ১৬ নভেম্বর ২০২৫ খ্রি.
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
সময় : দুপুর ১২:০০ টা।

**উপস্থিত সদস্যগণের তালিকা- পরিশিষ্ট "ক"**

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে আলোচ্যসূচি পেশ করার জন্য প্রোগ্রামার (অ:দা:), সদস্য সচিব, জেলা আইসিটি কমিটি, ঠাকুরগাঁও কে অনুরোধ জানানো হয়। সভাপতির সম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ প্রোগ্রামার (অ:দা:), সদস্য সচিব, জেলা আইসিটি কমিটি, ঠাকুরগাঁও সভায় পাঠ করে শোনান এবং মাঠ পর্যায়ে আইসিটি অধিদপ্তরের গৃহীত বিভিন্ন কার্যক্রম বিষয়ে উপস্থাপন করেন। অতঃপর নিম্নোক্ত বিষয়সমূহ নিয়ে আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

১. সভার আলোচনা এবং সিদ্ধান্ত:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.১ | **ওয়েব পোর্টাল সংক্রান্ত:** প্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণ ও তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতকরণে জাতীয় তথ্য বাতায়ন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ঠাকুরগাঁও জেলার সকল ওয়েবপোর্টাল হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। জেলার ওয়েবপোর্টালে সংযুক্ত সকল দপ্তরের ওয়েবপোর্টালের হালনাগাদ বিষয়ক বিস্তারিত প্রতিবেদন প্রদান করা হয়। | ১। ঠাকুরগাঁও জেলার সকল দপ্তরকে নিয়মিতভাবে স্ব স্ব ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের জন্য অনুরোধ করা হয়।<br>২। জেলার অফিসসমূহের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদানের বিষয়ে প্রোগ্রামার (অ:দা:), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও ব্যবস্থা নিবেন। | ১। জেলার ওয়েবপোর্টালে সংযুক্ত সকল দপ্তর, ঠাকুরগাঁও।<br>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও। |
| ১.২ | **আইসিটিডি ডিজিটাল ল্যাব:** সভায় আইসিটিডি ডিজিটাল ল্যাবের কার্যকর ব্যবহার ও নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে জেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়। ল্যাবের কম্পিউটারসহ অন্যান্য সরঞ্জাম নিয়মিত পরিদর্শনের মাধ্যমে সচল রাখা, ল্যাবের যথাযথ ব্যবহার, রক্ষণাবেক্ষণ এবং ব্যবহারের রেজিস্টার সংরক্ষণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সভাপতি কর্তৃক জেলা শিক্ষা অফিসার, প্রোগ্রামার (অ:দা:) ও সহকারী প্রোগ্রামারদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়। | (১) ল্যাব নিয়মিত পরিদর্শন করতে হবে<br>(২) ল্যাবের যথাযথ ব্যবহার ও আইসিটি ক্লাস ল্যাবে নিতে হবে<br>(৩) ল্যাব ব্যবহারের রেজিস্টার সংরক্ষণ করতে হবে | ১। জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও<br>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও<br>৩। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ঠাকুরগাঁও<br>৪। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| ১.৩ | **ডি-নথি সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি:** সভায় একটি আধুনিক, দক্ষ এবং সেবামূলক জনপ্রশাসন গড়ে তুলতে সকল সরকারি দপ্তরের ডি-নথির ব্যবহার শতভাগ নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক সকল চিঠিপত্র ডি-নথি সিস্টেমে নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, ঠাকুরগাঁও |
| ১.৪ | **সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা:** প্রোগ্রামার (অ: দা:), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও প্রকাশ করেন যে, সামাজিক যোগাযোগ মাধ্যম ও বিভিন্ন সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে পাসওয়ার্ড নিরাপদভাবে ব্যবহার করা, ই-মেইলে | (১) সাইবার নিরাপত্তা বিষয়ে একটি সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) সাইবার নিরাপত্তা সংক্রান্ত আরো প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | আসা অপরিচিত লিংকে প্রবেশ না করা এবং কারো সাথে ওটিপি/পিন শেয়ার না করার বিষয়ে সতর্ক থাকা। এবিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গত ১৩ নভেম্বর ২০২৫ খ্রিঃ তারিখে সরকারি কর্মকর্তা কর্মচারীদের "সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার, সাইবার নিরাপত্তা ও সাইবার বুলিং বিষয়ক" ০১ দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হয়। | | |
| ১.৫ | **সিটিজেন চার্টার:** জেলার সকল সরকারি অফিসের সিটিজেন চার্টার নিয়মিতভাবে হালনাগাদ করে নিজস্ব তথ্য বাতায়নে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। | জেলার সকল সরকারি অফিসের সিটিজেন চার্টার নিয়মিতভাবে প্রতি তিন মাস অন্তর হালনাগাদ করে নিজস্ব তথ্য বাতায়নে আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, ঠাকুরগাঁও |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/১১/২৫

ইশরাত ফারজানা
জেলা প্রশাসক
ঠাকুরগাঁও
ও
সভাপতি
জেলা আইসিটি বিষয়ক কমিটি, ঠাকুরগাঁও
☎ ০২৫৮৯৯৩১০১১
dcthakurgaon@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, ঠাকুরগাঁও
www.doict.thakurgaon.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৯৪০০.০০০.০৬.০০১.১৯.২৫২

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩২ / ১৬ নভেম্বর ২০২৫

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৩। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঠাকুরগাঁও
৫। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ঠাকুরগাঁও
৬। ................................................, সদস্য, জেলা আইসিটি বিষয়ক কমিটি, ঠাকুরগাঁও (সকল)

১৬/১১/২০২৫

মোঃ আসাদুজ্জামান
প্রোগ্রামার (অ:দা:)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, ঠাকুরগাঁও
ও
সদস্য সচিব
জেলা আইসিটি বিষয়ক কমিটি, ঠাকুরগাঁও
ফোন: ০২৫৮৭৭৩১০৭৫
ইমেইল: doict.thakurgaon@gmail.com